পত্র প্রাপ্তির তারিখ ০৭/০২/২৬ ৬৫৭
সহকারী মৎস্য কর্মকর্তা..........
ক্ষেত্র সহকারী..........
অফিস সহকারী..........
অন্যান্য..........

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
www.phulbari.kurigram.gov.bd

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলাধীন নিম্নবর্ণিত ২০.০০ (বিশ) একর পর্যন্ত (বদ্ধ) সরকারী জলমহাল সমূহ ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুযায়ী শুধুমাত্র সমবায় অধিদপ্তর এবং সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি land.gov.bd বা jm.lams.gov.bd ওয়েব সাইটে ১৫ জানুয়ারী, ২০২৬ হতে ২৯ জানুয়ারী, ২০২৬ তারিখের মধ্যে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনের হার্ডকপিও উদ্ধৃত মূল্যের ২০% অর্থ জামানতের মূলকপি (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার) সীলগালা মুখবন্ধ খামে পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের(০১-০৩ ফেব্রুয়ারি, ২০২৬) মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম অথবা উপজেলা ভূমি অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম অফিসে অফিস চলাকালীন সময় জমা প্রদান করতে হবে। অনলাইনে প্রাপ্ত আবেদন ও দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই বাছাই করে যোগ্য সমিতিকে চূড়ান্ত করা হবে।

### ২০ একর পর্যন্ত জলমহালের বিবরণ নিম্নে প্রদত্ত হল ঃ

| ক্রঃ নং | জলমহালের নাম | তফসিল | সম্ভাব্য ইজারা মূল্য (বাংলা ১৪৩৩-১৪৩৫) হস্তান্তরের তারিখ হতে ইজারা মূল্য কার্যকর হবে। | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|---|
| ০১ | ফুলবাড়ী নয়ারছড়া | মৌজাঃ চন্দ্রখানা<br>খং নং দাগ নং জমি<br>০১ ২৮২৯ ৫.৬০একর | ৭৮,৭৫০/-<br>(প্রতি বৎসর) | অনলাইনের দরপত্র দাখিলের তারিখ<br>১৫ জানুয়ারি, ২০২৬<br>হতে ২৯ জানুয়ারি, ২০২৬<br><br>অনলাইনে প্রাপ্ত আবেদন সমূহ ও প্রিন্টেড কপি যাচাই-বাছাই<br>০৫-২১ ফেব্রুয়ারি, ২০২৬<br><br>উপজেলা ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন<br>১২-১৮ ফ্রেব্রুয়ারি, ২০২৬<br><br>ইজারা আদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ<br>১২-১৬ মার্চ, ২০২৬<br><br>ইজারামুল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা চুক্তি সম্পাদন<br>১৭-২৯ মার্চ, ২০২৬ |
| ০২ | প্রেম সাগর | মৌজাঃ চন্দ্রখানা<br>খং নং দাগ নং জমি<br>০১ ১২৭৪ ৩.৭২ একর | ৭৪,০২৫/-<br>(প্রতি বৎসর) | |
| ০৩ | ছাইতন তলার ডারা | মৌজাঃ পানিমাছকুটি<br>খং নং দাগ নং জমি<br>০১ ২৪১০ ২.৫৭ একর | ২৩,১০০/-<br>(প্রতি বৎসর) | |

০৫/০২/২৬
(দিলারা আকতার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

## শর্তাবলীঃ

১। জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি বা সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সমিতিসমূহ আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

২। মৎস্যজীবী সমবায় সমিতিতে যদি এমন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবেন না। তবে শর্ত থাকে যে, আবেদনকারীর সমবায় সমিতি বর্তমানে কার্যকর তার প্রমান স্বরুপ উপজেলা সমবায় বা সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র এবং বিগত ০২(দুই) বৎসরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত আবেদনপত্র দাখিল করতে হবে। সভাপতি/সম্পাদক পরিচয় পত্র সহ সমিতির অনুকূলে সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তা/উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

৩। জলমহালটি ইজারা চুক্তি সম্পাদনের পর চলতি বাংলা ১লা বৈশাখ ১৪৩৩ সন হতে ৩০ চৈত্র ১৪৩৫ সন পর্যন্ত ইজারা মেয়াদ থাকবে।

৪। টেন্ডার পত্রের সহিত দাখিলকৃত দরপত্রের ২০% জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম বরাবরে ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সহিত জমা দিতে হবে। জামানতের টাকা ইজার মূল্যের সহিত সমন্বয় করা হবে।

৫। জলমহাল যেখানে যে অবস্থায় আছে তদাবস্থায় আবেদন এর মাধ্যমে ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহণ করে কোন প্রকার অজুহাত, দরখাস্ত বা আপত্তি গ্রহণ করা হবে না। ইতোপূর্বে জলমহাল উপস্বত্ব ভোগদখল করা হয়েছে এই সংক্রান্ত আপত্তি দাখিল করা যাবেনা। আবেদন দাখিলের পূর্বেই জলমহাল সম্পর্কে সরেজমিন দেখে প্রকৃত অবস্থা সঠিক ভাবে জেনে আবেদন দাখিল করতে হবে। জলমহালটি মৎস্য ধরার প্রয়োজনে সঠিকভাবে ইজারা প্রদান করা হবে।

৬। প্রকৃত মৎস্যজীবী সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিবের সীল সম্বলিত স্বাক্ষরসহ নির্দিষ্ট ফরমে (পরিশিষ্ট-ক) আবেদন করতে হবে। আবেদনপত্রের সহিত সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি গঠনতন্ত্রের কপি, সত্যায়িত ছবি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র সহ প্রয়োজনীয় তথ্য, বিগত ০২ বছরের অডিট রিপোর্ট (নতুন সংগঠন/সমিতির জন্য প্রযোজ্য নয়) বাংলা ১৪৩৩-১৪৩৫ সন পর্যন্ত মেয়াদে লীজ পাওয়ার লক্ষে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/রুপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

৭। টেন্ডারপত্র সীলমোহরকৃত খামে দাখিল করতে হবে এবং খামের উপর উপজেলাসহ জলমহালের নাম সুস্পষ্ট ভাবে লিখে দিতে হবে।

৮। সর্বোচ্চ দরদাতা দরপত্র গৃহীত হওয়ার ০৭(সাত) কার্য দিবসের মধ্যে টাকা পরিশোধ করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। তা না করলে জামানতের অর্থ সরকারের বরাবর স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াপ্ত হবে এবং জলমহালটি পুনরায় আবেদনের মাধ্যমে ইজারা প্রদান করতে হবে।

৯। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর কর্তৃক চূড়ান্ত অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে দরদাতাকে(ইজারা মূল্য পরিশোধ সাপেক্ষে) ইজারা প্রাপ্তির ০৭(সাত) কার্য দিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে জলমহাল লীজ ফরম মোতাবেক ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় তাহার অনুকূলে ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

১০। লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি বা গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবেন না।

১১। অনুমোদিত দরপত্রের সহিত ইজারা গ্রহীতাকে ১০% আয়কর, ১৫% ভ্যাট প্রদান করতে হবে। ইহা ছাড়া সরকারী বিধি বিধান সমূহ অবশ্যই মেনে চলতে হবে। ইজারাপ্রাপ্ত সংগঠন/সমিতিকে সম্পূর্ন ইজারা মূল্য সিদ্ধান্ত প্রদানের ০৭(সাত) কার্য দিবসের মধ্যে জলমহাল ও পুকুর ইজারা ১-৪৬৩১-০০০০-১২৬১ নং নতুন কোড নং ১৪১৫০২, ভ্যাট ১৫% নতুন কোড নং ১১৪১১০১ ও আয়কর ১০% নতুন কোড নং ১১১১১০১ এ জমা প্রদান করতে হবে। জমার রশিদ প্রদান সাপেক্ষে সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা চুক্তি সম্পাদন পূর্বক উপজেলা নির্বাহী অফিসার জলমহালের ইজারা গ্রহীতাকে বুঝিয়ে দিবেন।

১২। টেন্ডার বিজ্ঞপ্তির শর্তাবলী টেন্ডার দাখিলের অংশ। টেন্ডার দাতাকে টেন্ডার দাখিলের পূর্বে নির্ধারিত স্থান ছাড়াও প্রত্যেক পাতায় স্বাক্ষর করতে হবে। অন্যথায় উক্ত আবেদন বাতিল বলে গন্য হবে।

১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ ও বাতিলের সকল ক্ষমতা সংরক্ষণ করেন।

০৫/০১/২৬

(দিলারা আকতার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।